

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৫৬৫.১৪-

৮০৬

তারিখঃ ৩০/০৬/২০২১ খ্রিঃ

অফিস আদেশ


জনাব মোছাঃ বুলবুলি, স্থায়ী ঠিকানা- গ্রামঃ পীরজাবাদ সরকার পাড়া, পোঃ উপশহর, থানাঃ কোতয়ালী, জেলাঃ রংপুর-কে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভুক্ত কচুয়া, বাগেরহাট উপজেলায় মাঠ সংগঠক (মূল পদঃ কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক) এর শূণ্য পদের বিপরীতে দায়িত্ব পালনের জন্য স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-৭৯ তারিখঃ ০২/০৮/২০১৮ খ্রিঃ মূলে ইরেসপো প্রকল্প হতে কর্মসূচি'তে স্থানান্তর করা হয়। উল্লেখ্য, তিনি বিগত ২০/০৮/২০১৪ খ্রিঃ তারিখে ইরেসপো প্রকল্পে কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছিলেন।

২। জনাব মোছাঃ বুলবুলি, মাঠ সংগঠক (মূল পদঃ কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক), কচুয়া, বাগেরহাট বিগত ১০/১২/২০১৮ খ্রিঃ তারিখ হতে ১৯/০২/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ১ বছর ২ মাস ১০ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে বিগত ২০/০২/২০২০ খ্রিঃ তারিখ চিকিৎসা সনদসহ যোগদানপত্র দাখিল করেন এবং পুনরায় ২১/০২/২০২০ খ্রিঃ তারিখ হতে প্রায় দেড় বছর যাবৎ অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। বর্ণিত মাঠ সংগঠক-কে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির জন্য বারংবার ব্যাখ্যা তলব করা হলেও তিনি কর্মস্থলে যোগদান করে তাঁর উপর অর্পিত দায়িত্ব পালন করেননি।

৪। উল্লেখ্য, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী কোন কর্মচারী বিনা অনুমতিতে ৬০(ষাট) দিন বা তদূর্ধ্ব সময় কর্ম হতে অনুপস্থিত থাকলে তিনি পলায়ন করেছেন মর্মে বিবেচিত হবেন। সে বিবেচনায় বর্ণিত মাঠ সংগঠক বিগত ১০/১২/২০১৮ খ্রিঃ তারিখ হতে ১ বছর ২ মাস ১০ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে বিগত ২০/০২/২০২০ খ্রিঃ তারিখ যোগদান দাখিল করেই পুনরায় কর্মস্থল ত্যাগ করে প্রায় দেড় বছর যাবৎ অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় প্রতীয়মান হয় তিনি চাকুরী হতে পলায়ন করেছেন।

এমতাবস্থায়, জনাব মোছাঃ বুলবুলি, মাঠ সংগঠক (মূল পদঃ কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক), কচুয়া, বাগেরহাট বিগত ১০/১২/২০১৮ খ্রিঃ তারিখ হতে ১ বছর ২ মাস ১০ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে বিগত ২০/০২/২০২০ খ্রিঃ তারিখ যোগদানপত্র দাখিল করেই পুনরায় কর্মস্থল ত্যাগ করে প্রায় দেড় বছর যাবৎ অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তিনি চাকুরী হতে পলায়ন করার অপরাধে কর্মসূচি'তে স্থানান্তর আদেশের ২(ঘ) শর্তানুযায়ী তাঁর সাথে সম্পাদিত চুক্তি বাতিলপূর্বক কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মসূচি'র স্বার্থে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৫৬৫.১৪-


তারিখঃ ৩০/০৬/২০২১ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. জনাব মোছাঃ বুলবুলি, মাঠ সংগঠক (মূল পদঃ কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক), ইরেসপো, বিআরডিবি, কচুয়া, বাগেরহাট।
স্থায়ী ঠিকানা- পিতাঃ মৃত মোহাম্মদ হোসেন, গ্রামঃ পীরজাবাদ সরকার পাড়া, পোঃ উপশহর, থানাঃ কোতয়ালী, জেলাঃ রংপুর
স্থায়ী ঠিকানা- স্বামীঃ মোঃ মেহেদী হাসান, গ্রামঃ দ্বিপাশা, পোঃ দ্বিপাশা, উপজেলাঃ বাউফল, জেলাঃ পটুয়াখালী
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ কচুয়া, জেলাঃ বাগেরহাট।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ কচুয়া, জেলাঃ বাগেরহাট।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইডে প্রকাশের জন্য)।
৫. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বাগেরহাট।
৬. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক